

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ২৮, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৪ মাঘ ১৪২৭/ ২৮ জানুয়ারি ২০২১

নম্বর-০৪.০০.০০০০.৫২১.০৮.০৬৪.১৫-৭৮—দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান ও একজন কমিশনারের পদ শীঘ্রই শূন্য হবে বিধায় তদস্থলে ০২ (দুই) জন কমিশনার নিয়োগের জন্য সুপারিশ প্রদানের নিমিত্ত দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ৭ ধারা অনুযায়ী নিম্নলিখিত সদস্যবৃন্দের সমন্বয়ে একটি বাছাই কমিটি গঠন করা হল :

- |                                                                                                                                                                                                                      |        |
|----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|--------|
| (ক) বিচারপতি জনাব হাসান ফয়েজ সিদ্দিকী<br>মাননীয় বিচারক, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা                                                                                                                   | সভাপতি |
| (খ) বিচারপতি জনাব এম, ইনায়েতুর রহিম<br>মাননীয় বিচারক, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা                                                                                                                 | সদস্য  |
| (গ) জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী<br>বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক                                                                                                                                        | সদস্য  |
| (ঘ) জনাব মোঃ সোহরাব হোসাইন<br>চেয়ারম্যান, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন                                                                                                                                                | সদস্য  |
| (ঙ) জনাব মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা<br>(সর্বশেষ অবসরপ্রাপ্ত মন্ত্রিপরিষদ সচিবের অব্যবহিত পূর্বের<br>অবসরপ্রাপ্ত মন্ত্রিপরিষদ সচিব। যদি তিনি দায়িত্ব পালনে অপারগ হন,<br>তাহলে বর্তমানে কর্মরত মন্ত্রিপরিষদ সচিব) | সদস্য  |

( ১৬৯৯ )

মূল্য : টাকা ৪.০০

২। কমিটির কার্যপরিধি নিম্নরূপ :

বাছাই কমিটি, কমিশনার নিয়োগে সুপারিশ প্রদানের উদ্দেশ্যে, উপস্থিত সদস্যদের অনূন ০৩ (তিন) জনের সিদ্ধান্তের ভিত্তিতে কমিশনারের প্রতিটি শূন্য পদের বিপরীতে ০২ (দুই) জন ব্যক্তির নামের তালিকা প্রণয়ন করে উক্ত আইনের ধারা ৬-এর অধীনে নিয়োগ প্রদানের জন্য মহামান্য রাষ্ট্রপতির নিকট প্রেরণ করবে।

৩। অনূন ০৪ (চার) জন সদস্যের উপস্থিতিতে বাছাই কমিটির কোরাম গঠিত হবে।

৪। মন্ত্রিপরিষদ বিভাগ উক্ত বাছাই কমিটির কার্য-সম্পাদনে প্রয়োজনীয় সাচিবিক সহায়তা প্রদান করবে।

৫। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(খন্দকার আনোয়ারুল ইসলাম)

মন্ত্রিপরিষদ সচিব